



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

বঙ্গমাতার আদর্শ আমাদের অনুপ্রেরণা যোগাবে_ শিক্ষামন্ত্রী

বরিশাল বিশ্ববিদ্যালয়,
০৮ আগস্ট ২০২১।

বাংলাদেশের অপর নাম বঙ্গবন্ধু। বঙ্গবন্ধু বাংলাদেশ সমার্থক। বঙ্গবন্ধুকে “বঙ্গবন্ধু” হয়ে ওঠার ক্ষেত্রে যিনি অনুপ্রেরণা যুগিয়েছেন তিনি বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব। বাংলাদেশের ইতিহাসে এক অবিচ্ছেদ্য অংশ বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব। ঘর-সংসার, রাজনীতি সবই এক হাতে সামলেছেন তিনি। অত্যন্ত সাদা-সিঁদে জীবনের অধিকারী বঙ্গমাতা নেপথ্যে থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে অনুপ্রেরণা যুগিয়েছেন। বাংলাদেশের প্রতিটি আন্দোলন সংগ্রামে তাঁর অবদান অনস্বীকার্য। তাই সময় এসেছে বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব এর আদর্শ এবং তাঁর জীবনাচরণকে তরুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়ার। যা আমাদের আগামীর পথ চলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অনুপ্রেরণা যোগাবে। বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবিনারে এই কথাগুলো বলেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি এমপি। বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব হলের আয়োজনে বিকাল ৪ ঘটিকায় এ ওয়েবিনার অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে যুক্ত থেকে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ মাহবুব হোসেন। স্বাগত বক্তব্য রাখেন ববির বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব হলের প্রভোস্ট তাসনুভা হাবিব জিসান। ওয়েবিনারে আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন, শিক্ষার্থীদের মধ্যে ববির আইন বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থী নূর-ই-নিশাত। ওয়েবিনারে যুক্ত ছিলেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রভোস্ট, প্রক্টর, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, দপ্তর প্রধানগণ এবং বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতৃবৃন্দ। ওয়েবিনার শেষে বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত “বঙ্গমাতার জীবন ও কর্ম” শীর্ষক কুইজ প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হয়। এতে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয়স্থান লাভ করেন ববির একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী সাকিব হাসান, লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী মোসাঃ রিমা আক্তার এবং পদার্থ বিজ্ঞান শিক্ষার্থী মোঃ আবুল ফাতাহ। ওয়েবিনারটি সঞ্চালনা করেন ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, টিএসসির পরিচালক ড. মোঃ খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস